**Mohammed Golam Rabbani**

| | |
|---|---|
| **From:** | Md. Asiful. Haque <asiful.haque@btrc.gov.bd> |
| **Sent:** | Sunday, March 27, 2022 4:12 PM |
| **To:** | Mohammed Golam Rabbani |
| **Subject:** | Fwd: Regarding ZOOM meeting on "Discussion on ILDTS policy" |

---

**From:** "Md. Toufeequl Islam" <toufeequl@btrc.gov.bd>
**To:** "coo" <coo@iofbd.com>, arif@mnhtel.com, junayed@live.com
**Cc:** "Brig. Gen. Md. Nasim Parvez, ndc,afwc,psc" <dgss@btrc.gov.bd>, "Shazeda Parvin" <shazeda@btrc.gov.bd>, "Md. Ashfaque Ahmed" <ashfaque@btrc.gov.bd>, "Haque" <asiful.haque@btrc.gov.bd>
**Sent:** Thursday, January 6, 2022 4:25:50 PM
**Subject:** Regarding ZOOM meeting on "Discussion on ILDTS policy"

Dear Concern,

Greetings from BTRC.

Hope this mail finds you well. I am directed to inform you that a meeting has been arranged using below credentials:

**Topic**: Discussion on ILDTS policy
**Meeting chair**: DG (SS) Sir,
**Time**: Jan 9, 2022 02:30 PM Astana, Dhaka

Join BTRC Zoom Meeting
https://btrc-gov-bd.zoom.us/j/84498261328?pwd=VzFmZm1LdFh6dDZHM0VscElKdXVzZz09

**Meeting ID**: 844 9826 1328
**Password**: 1234

You are requested to join the meeting with concern person from your organization in time.

Best regards,

**MD. TOUFEEQUL ISLAM**
Assistant Director, Systems and Services

Mobile: 01550080849
01676463640
Phone: 95611111(ext:452)
Email: toufeequl@btrc.gov.bd

IEB Building (Floor 8)
Ramna, Dhaka - 1000.

www.btrc.gov.bd

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা - ১০০০।

সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগ

...

| | |
|---|---|
| সভাপতি | ব্রিঃ জেঃ মোঃ নাসিম পারভেজ<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ০৯ জানুয়ারি ২০২২ তারিখ |
| সভার সময় | সকাল ০২:৩০ ঘটিকা |
| স্থান | অনলাইন (zoom) প্ল্যাটফর্ম |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে ইংরেজি নববর্ষের শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রথমে তিনি সবাইকে নিজ নিজ পরিচয় প্রদানের অনুরোধ করেন। পরিচয় পর্ব শেষ হলে তিনি উল্লেখ করেন, ২০০৭ সালে অবৈধ ভিওআইপি প্রতিরোধকল্পে ILDTS Policy 2007 প্রণয়ন করা হয়। পরবর্তীতে স্থানীয় উদ্যোক্তা বৃদ্ধির বিষয়টি বিবেচনায় নিয়ে ২০১০ সালে লাইসেন্সের সংখ্যা বৃদ্ধি করে ILDTS Policy 2010 প্রণয়ন করা হয়। সময়ের পরিক্রমায় প্রযুক্তিগত অনেক পরিবর্তন সাধিত হয়েছে এবং সারা বিশ্ব Unified License দিকে ঝুঁকছে। ২০১৮ সালে ITU এর পরামর্শক এর মাধ্যমে বাংলাদেশে বিভিন্ন টেলিকম অংশীজনের সাথে আলোচনা করে ITU এর পরামর্শক ILDTS Policy (Review) প্রস্তুত করেন। মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা মহোদয় এবং মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসারে বিটিআরসি ILDTS Policy 2010 সংশোধনের কার্যক্রম শুরু করে। এবিষয়ে উপদেষ্টা মহোদয় পরিষ্কারভাবে দিক নির্দেশনা প্রদান করেছেন। তার নির্দেশনা অনুযায়ী কমিশন হতে (১) এ বিষয়ে কমিটি গঠন করা হয়েছে, (২) কমিটি নিজিদের মধ্যে অনেকগুলো সভা আয়োজন করে (৩) বিভিন্ন ধরনের লাইসেন্স কে তিনটি ক্যাটাগরিতে Mapping করে, (৪)প্রস্তাবিত নতুন ILDTS Policy এর জন্য Transition Period এবং রূপরেখা তৈরি করা হয়েছে এবং (৫) নতুন লাইসেন্স গ্রহণের পূর্বশর্ত নির্ধারনের জন্য কাজ করছে। এ প্রেক্ষিতে অংশীজনদের আলোচনার অংশ হিসেবে আজকের এই সভা আয়োজন করা হয়েছে।

০২। অতঃপর মহাপরিচালক (এসএস) মহোদয় উপস্থিত সবাইকে প্রেজেন্টেশনের মাধ্যমে প্রস্তাবিত নতুন ILDTS Policy এর বিষয়ে বিস্তারিত অবহিত করেন। তিনি প্রেজেন্টেশনে নতুন ILDTS Policy এর প্রেক্ষাপট, ITU এর পরামর্শক এর সুপারিশসমূহ, মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা মহোদয় এর নির্দেশনা সম্পর্কে অবহিত করেন। তিনি উল্লেখ করেন বিদ্যমান সাইসেন্সসমূহকে তিন ধরণের License যথা: Infrastructure License, Service License (Service License কে Wireless এবং Non-Wireless এই দুই ক্যাটাগরীতে বিভক্ত) এবং Retailer License ক্যাটাগরীতে বিভাজন করার প্রস্তাবনা নির্ধারণ করা হয়েছে। প্রস্তাবিত তিনটি লাইসেন্স ক্যাটাগরীতে সম্ভাব্য Transition Period নির্ধারণের জন্য প্রতিটি ক্যাটাগরীতে যে সালের মধ্যে সংশ্লিষ্ট ক্যাটাগরীর ৫০% এর অধিক সংখ্যক লাইসেন্সের স্বাভাবিক মেয়াদ উত্তীর্ণ হয়ে যাবে সেই সালটির পরের বছর থেকে Transition পিরিয়ড শুরে হতে পারে বলে সুপারিশ করা হয়। এই ভিত্তিতে নির্ধারিত বিভিন্ন ক্যাটাগরীর Transition পিরিয়ড নিম্নরূপঃ

| ক্রমিক | লাইসেন্স ক্যাটাগরী | Transition পিরিয়ড শুরু | মন্তব্য |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ১ | ইনফ্রাস্ট্রাকচার লাইসেন্স | ২০২৮ | প্রস্তাবিত Transition Period এর মধ্যে নির্দিষ্ট ক্যাটাগরির ৫০% এর বেশি বিদ্যমান লাইসেন্স এর মেয়াদ শেষ হবে। |
| ২ | সার্ভিস লাইসেন্স (ওয়্যারলেস) | ২০২৮ | |
| | সার্ভিস লাইসেন্স (নন-ওয়্যারলেস) | | |
| ৩ | রেটেইল লাইসেন্স | ২০২৬ | |

অতঃপর তিনি সকলকে প্রস্তাবিত নতুন ILDTS Policy এর বিষয়ে মতামত প্রদানের আহবান জানান।

০৩। এ পর্যায়ে, ICX এর প্রতিনিধি বিগ্রেডিয়ার জেনারেল মুস্তাফিজ সুস্পষ্ট এবং তথ্যমূলক উপস্থাপনার জন্য সভাপতি মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি  বলেন যে, লাইসেন্স একীভূত হলে প্রচুর পরিমাণে ইনভেস্টমেন্ট প্রয়োজন হবে যা স্থানীয় উদ্যোক্তাদের আওতার বাইরে চলে যেতে পারে। ফলে বিদেশী বিনিয়োগের প্রয়োজনীয়তা বাড়বে, লাইসেন্স রেজিমে বিদেশি অপারেটর অধিক সংখ্যক হারে প্রবেশ করবে। এ বিষয়ে সকল ধরনের অংশীজনদের সাথে আলোচনা প্রয়োজন মর্মে তিনি উল্লেখ করেন। এর প্রেক্ষিতে সভাপতি মহোদয় বলেন যে, এই সভার মাধ্যমে প্রস্তাবিত পলিসির বিষয়ে অংশীজনদের মতামত গ্রহন শুরু হয়েছে, পর্যায়ক্রমে সকল অংশীজনদের সাথে আলোচনা অনুষ্ঠিত হবে। এছাড়াও অপারেটররা চাইলে সংগঠনিকভাবে কিংবা এককভাবে বিটিআরসির নিকট তাদের মতামত প্রস্তাবনা লিখিত আকারে প্রদান করতে পারবে।

০৪। অতঃপর ICX এর প্রতিনিধি ব্রিগেডিয়ার জেনারেল আলম বিটিআরসির উদ্যোগ এবং সুন্দর প্রস্তাবনা উপস্থাপন জন্য সভাপতি মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি উল্লেখ করেন যে, ২০১৮ সালের ITU এর প্রতিনিধির সাথে এব্যাপারে অনুষ্ঠিত কর্মশালায় উত্থাপিত প্রশ্ন সমূহ সদুত্তর পাওয়া যায়নি। একই প্রতিষ্ঠান কে একাধিক লাইসেন্স প্রদান করা হলে, যেসকল প্রতিষ্ঠানের মাত্র একটি লাইসেন্স থাকবে তারা প্রতিযোগিতা করতে পারবে না। কিছু প্রতিষ্ঠান সিগনিফিকেন্ট মার্কেট পাওয়ায় হয়ে উঠবে। বিদেশি প্রতিষ্ঠানকে নতুন ILDTS Policy এর অধীনে লাইসেন্স প্রদান করা হলে , দেশিয় প্রতিষ্ঠান এর বিনিয়োগ ক্ষতিগ্রস্থ হবে, দেশীয় কর্মসংস্থান কমে যাবে। বর্তমানে একটি সেবা বিভিন্ন প্রতিষ্ঠান এর সমন্বয়ে প্রদান করা হচ্ছে বলে কোয়ালিটি অফ সার্ভিস এবং রাজস্ব আদায় নিশ্চিত করা যায়। সেক্ষেত্রে নতুন ILDTS Policy অনুসারী একাধিক লাইসেন্সি এর নির্ভরতা কমবে তবে সেক্ষেত্রে কোয়ালিটি অফ সার্ভিস নিশ্চিত করে কঠিন হবে। সরকারের রাজস্ব ক্ষতিগ্রস্ত হবে। মাল্টিন্যাশনাল কোম্পানির গুরুত্ব বাড়বে ফলে স্থানীয় উদ্যোক্তা হ্রাস পাবে। এছাড়াও বিদেশি বিনিয়োগ বৃদ্ধি পেলে অর্জিত রাজস্ব বহিঃর্গমনের প্রবণতা বাড়বে। উপরোক্ত সমস্যা গুলি এড়ানোর জন্য বর্তমানে সেবাদানকারী সংশ্লিষ্ট অপারেটরদের নতুন ILDTS policy প্রণয়নে সম্পৃক্ত করা দরকার। এপ্রেক্ষিতে, সভাপতি মহোদয় সকল বিবেচ্য বিষয় উল্লেখ করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করে সম্ভাব্য প্রতিকার বিষয়ে প্রস্তাবনা প্রদানের অনুরোধ করেন।

০৫। এ পর্যায়ে আইওএফ এর সিওও জনাব মুশফিক মঞ্জুর জানতে চান যে,  লাইসেন্সিং সমূহের মধ্যে কোনরকম ক্লাবিং হবে কি না, অর্থাৎ এক ক্যাটাগরির সার্ভিস লাইসেন্সি আরেক ধরনের লাইসেন্স গ্রহণ করতে পারবে কি না। এ বিষয়ে, সভাপতি মহোদয় উল্লেখ করেন যে, এ বিষয়ে এখন মন্তব্য করা সম্ভব নয়। মাননীয় উপদেষ্টা মহোদয় সুস্পষ্টভাবে তিন ক্যাটাগরিতে বিভাজনের নির্দেশনা প্রদান করেছেন।  জনাব মুশফিক মঞ্জুর আরো উল্লেখ করেন যে বিটিআরসি হতে সাম্প্রতিক কালে সব ধরনের বিদেশি বিনিয়োগ উন্মুক্ত করার নিমিত্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে সেক্ষেত্রে সেটি কি Transition সময়কালের পূর্বেই প্রয়োগ কর হবে নাকি তার পরে। এ বিষয়ে, সভাপতি মহোদয় বলেন যে, এটি সম্পূর্ণ ভিন্ন একটি বিষয়, নতুন ILDTS Policy প্রণয়নের সাথে এই বিষয়ের কোন সম্পর্কে নেই। তবে বিদেশি বিনিয়োগ

বিষয়ে বিস্তারিত জানার জন্য কমিশনের সংশ্লিষ্ট বিভাগের সাথে আলোচনা করা যেতে পারে।

০৬। অতঃপর IIG ফোরামের প্রতিনিধি জনাব জুনায়েদ, IOF এর প্রতিনিধি ব্রিগেডিয়ার জেনারেল হান্নান , IOF এর চেয়ারম্যান জনাব দোহা পূর্ববর্তী বক্তাদের ন্যায় তাদের অনুরূপ মতামত তুলে ধনে।

০৭। এ পর্যায়ে, নভো টেলিকম এর প্রতিনিধি জনাব হাসিবুর রশীদ বলেন যে, যেহেতু সকল ধরনের লাইসেন্স নতুন ILDTS Policy তে অন্তর্ভূক্ত হচ্ছে সেক্ষেত্রে নাম পরিবর্তন করা যেতে পারে। এছাড়াও তিনি, নতুন ILDTS Policy প্রয়োগের ক্ষেত্রে কম্পিটিশনের বিষয়টি নিশ্চিত করা প্রয়োজন মর্মে উল্লেখ করেন। নির্দিষ্ট লাইসেন্স ক্যাটাগরিতে সার্ভিস প্রদানের সুযোগের ব্যাপকতা থাকায় ছোট কোম্পানির পক্ষে সব ধরনের সার্ভিস প্রদানের সুযোগ কম থাকবে, ফলে বড় কোম্পানির একক কর্তৃত্ব, মার্কেট প্রভাব বিস্তারের প্রবণতা বৃদ্ধি পারে। সেক্ষেত্রে তাৎপর্যপূর্ণ বাজার ক্ষমতা, সুষম প্রতিযোগিতা নিশ্চিত করা জরুরী। এ প্রেক্ষিতে, সভাপতি মহোদয় প্রস্তাবনাটি বিবেচনায় নেওয়া হবে মর্মে অবহিত করেন।

বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১। অপারেটরসমূহ প্রস্তাবিত নতুন ILDTS Policy অনুসারে কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে প্রতিবন্ধকতা, সীমাবদ্ধতা প্রভৃতি বিষয়ে বিস্তারিত প্রস্তাবনা প্রদান করবে।

২। অপারেটরসমূহ প্রস্তাবিত নতুন ILDTS Policy অনুসারে কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে প্রতিবন্ধকতা, সীমাবদ্ধতা দূরীকরণের সম্ভাব্য প্রতিকার বিষয়ে বিস্তারিত প্রস্তাবনা প্রদান করবে।

৩। প্রস্তাবিত ILDTS Policy তে প্রদর্শিত প্রস্তাবনার বাইরে কোন পরামর্শ, সুপারিশ থাকলে অপারেটরসমূহ তা প্রদান করবে।

৪। উপরোক্ত সিদ্ধান্তসমূহের মাধ্যমে চাহিত প্রস্তাবনা সমূহ আগামী ১৫ দিনের মধ্যে কমিশনের নিকট প্রদান করবে।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায়, সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

ব্রিঃ জেঃ মোঃ নাসিম পারভেজ
মহাপরিচালক

স্মারক নম্বর: ১৪.৩২.০০০০.৬০০.২২.০০১.১৯.৮১

তারিখ: ২ মাঘ ১৪২৮
১৬ জানুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক, আইজিডব্লিউ লাইসেন্সধারী প্রতিষ্ঠানসমূহ
২) চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা, সকল IIG অপারেটর।
৩) চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা, ICX অপারেটর (সকল)।

মোঃ আশফাক আহমেদ
উপ পরিচালক

| Meeting ID | Topic | Start Time | End Time | User Email | Duration (Minutes) | Participants |
|---|---|---|---|---|---|---|
| 84498261328 | Discussion on ILDTS policy | 1/9/2022 14:27 | 1/9/2022 16:03 | toufeequl@btrc.gov.bd | 97 | 29 |

| Name (Original Name) | User Email | Total Duration (Minutes) | Guest |
|---|---|---|---|
| Md. Toufeequl Islam# BTRC | toufeequl@btrc.gov.bd | 97 | No |
| Shibly Sadique ICX Bantel (Shibly Sadique) | | 93 | Yes |
| MD. Asiful Haque (MD. Asiful Haque) | | 96 | Yes |
| Engr. S. Talukder# IOF | | 94 | Yes |
| Shazeda# Director# BTRC | | 94 | Yes |
| Alimul Razi-BanglaICX (Alimul Razi-BanglaTrac) | | 94 | Yes |
| Md Ashfaque (Md Ashfaque Ahmed) | ashfaque@btrc.gov.bd | 93 | No |
| AIOB (Arifur Rahman) | | 22 | Yes |
| IOF \| Mushfique Manzoor (Mushfique Manzoor) | | 93 | Yes |
| Md.Hasibur Rashid | | 91 | Yes |
| Md. Zainal Abedin | | 92 | Yes |
| AHMED JUNAYED (MD (AHMED JUNAYED) | | 90 | Yes |
| Venus Telecom Ltd. IGW (iPhone 13 Pro) | | 81 | Yes |
| Doha's iPad898512 | | 91 | Yes |
| Yousuf(Gazi) (Yousuf) | | 89 | Yes |
| mahdi@btrc.gov.bd | mahdi@btrc.gov.bd | 89 | No |
| MAHTAB (MAHTAB) | | 88 | Yes |
| Brig Gen Md Nasim Parvez (DG BTRC) | | 87 | Yes |
| Sami Wadood - Global Voice Telecom Ltd (IGW) (Sami Wadood) | | 87 | Yes |
| Tareq Hasan Siddiqui | | 85 | Yes |
| Rashidul Hasan Topu | | 76 | Yes |
| AIOB | | 71 | Yes |
| Md Abdul Hannan | | 68 | Yes |
| Md.mokhlesur rahman | | 27 | Yes |

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
আইইবি ভবন, রমনা, ঢাকা - ১০০০।
স্পেকট্রাম ম্যানেজমেন্ট

স্মারক নম্বর: ১৪.৩২.০০০০.৫০১.৩৬.০০৫.২০.১৬৭০

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪২৮
১৫ ডিসেম্বর ২০২১

বিষয়: **"ল্যান্ডিং রাইটস" গাইডলাইন এর ফিস এবং চার্জ পরিবর্তন সংক্রান্ত**

সূত্র: ০১। ডাক ও টেলিযোগাযোগ বিভাগের স্মারক নং-১৪.০০.০০০০.০০৯.১৮.০০৭.১৯.১৪৩৪, তারিখঃ ২৫/১১/২০২১;
০২। বিএসসিএল এর স্মারক নং-১৪.৩৯.০০০০.০০৩.৯৯.০৪৭ (অংশ-৩).২১.৫১৬, তারিখঃ ১৪/১১/২০২১।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, সূত্রোস্থ ০১ নং স্মারকের মাধ্যমে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ হতে স্যাটেলাইট টিভি চ্যানেল কর্তৃক বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এ কন্টেন্ট আপলিঙ্ক চার্জ সংক্রান্ত "Regulatory Guidelines on Landing Rights for Broadcasting Satellite Service in Bangladesh" শীর্ষক গাইডলাইন এর ধারা ১১.০১ সংশোধনের জন্য বিএসসিএল কর্তৃক প্রেরিত প্রস্তাবের বিষয়ে বিটিআরসি'র মতামত প্রদানের জন্য একটি পত্র প্রেরণ করা হয়। বর্ণিত বিষয়ে কমিশনার (স্পেকট্রাম) মহোদয়ের সভাপতিত্বে আগামী ১৯/১২/২০২১ তারিখ (রবিবার) বিকাল ০২.৩০ ঘটিকায় কমিশনের প্রধান সভা কক্ষে (কক্ষ নং-৭১১, ৮ম তলা) "ল্যান্ডিং রাইটস" গাইডলাইন সংশোধন সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল), এসোসিয়েশন অভ টেলিভিশন চ্যানেল ওনার্স (এটকো) এবং ক্যাবল অপারেটরস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (কোয়াব) হতে এক জন উপর্যুক্ত কর্মকর্তাসহ কমিশনের নিম্নবর্ণিত সকল কর্মকর্তাগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ১৬ (ষোল) পাতা।

১৫-১২-২০২১
ব্রিগেঃ জেনাঃ মোঃ শহীদুল আলম, পিবিজিএমএস
মহাপরিচালক

বিতরণ ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):)
১) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
২) সচিব, সচিবের দপ্তর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
৩) চেয়ারম্যান, চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা এর দপ্তর, বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড
৪) মহাপরিচালক , বাংলাদেশ টেলিভিশন
৫) পরিচালক, স্পেকট্রাম ম্যানেজমেন্ট, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
৬) পরিচালক, রেডিও কমিউনিকেশন স্ট্যাডি এন্ড রিসার্চ , বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

৭) উপ-পরিচালক, সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগ , বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
৮) উপ-পরিচালক, রেডিও কমিউনিকেশন স্ট্যাডি এন্ড রিসার্চ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
৯) উপ-পরিচালক, স্পেকট্রাম ম্যানেজমেন্ট, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
১০) সিনিয়র সহকারী পরিচালক, ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশন্স বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
১১) সিনিয়র সহকারী পরিচালক, স্পেকট্রাম ম্যানেজমেন্ট, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
১২) এসোসিয়েশন অভ টেলিভিশন চ্যানেল ওনার্স (এটকো), কর্ণফুলী মিডিয়া পয়েন্ট, ৪২ শহীদ সংবাদিক সেলিনা পারভিন, মালিবাগ, ঢাকা-১২১৭।
১৩) ক্যাবল অপারেটরস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (কোয়াব), ২৩, পুরানা পল্টন লেন, শোভো সদন (৩য় তলা), ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ১৪.৩২.০০০০.৫০১.৩৬.০০৫.২০.১৬৭০/১

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪২৮
১৫ ডিসেম্বর ২০২১

সদয় অবগতির জন্য প্রেরণ করা হল:
১) চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

১৫-১২-২০২১
মোঃ আকরামুল হক
সহকারী পরিচালক

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
আইইবি ভবন, রমনা, ঢাকা - ১০০০।
স্পেকট্রাম ম্যানেজমেন্ট

বিষয়ঃ "ল্যান্ডিং রাইটস" গাইডলাইন এর ফিস এবং চার্জ পরিবর্তন সংক্রান্ত অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | প্রকৌশলী এ. কে. এম শহীদুজ্জামান<br>কমিশনার (স্পেকট্রাম), বিটিআরসি। |
| সভার তারিখ | ১৯/১২/২০২১। |
| সভার সময় | বেলা ০২:৩০ ঘটিকা। |
| স্থান | বিটিআরসি প্রধান সভা কক্ষ (কক্ষ নম্বর-৭১১)। |
| উপস্থিতি | কপি সংযুক্ত। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে কমিশনের স্পেকট্রাম বিভাগের মহাপরিচালক ব্রিগেঃ জেনাঃ মোঃ শহীদুল আলম, পিবিজিএমএস সরকারের পূর্বানুমতিক্রমে বিটিআরসি কর্তৃক গত ১৯/০৮/২০২০ তারিখে জারিকৃত "রেগুলেটরি গাইডলাইন অন ল্যান্ডিং রাইটস্ ফর ব্রডকাস্টিং স্যাটেলাইট সার্ভিস ইন বাংলাদেশ" শীর্ষক গাইডলাইনের বিষয়ে সংক্ষিপ্ত আলোকপাত করেন। এ পর্যায়ে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে মহাপরিচালক (স্পেকট্রাম) মহোদয় বর্ণিত গাইডলাইনের ধারা ১১.০১ সংশোধনের লক্ষ্যে বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি কর্তৃক প্রেরিত পত্রের/প্রস্তাবের বিষয়ে সভায় উপস্থিত সকলকে নিজ নিজ বক্তব্য উপস্থাপন এবং মতামত প্রদান করতে অনুরোধ করেন।

সভায় উপস্থিত বিএসসিএল প্রতিনিধি উল্লেখ করেন যে, বিদেশি স্যাটেলাইট টেলিভিশন চ্যানেলসমূহের বাংলাদেশে সম্প্রচারের ক্ষেত্রে বর্ণিত ল্যান্ডিং রাইটস গাইডলাইনের ক্লজ ১১.০১ এ নির্ধারিত উচ্চ আপলিংক ফি এর কারণে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ ব্যবহারে আগ্রহী হচ্ছে না। বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর উল্লেখযোগ্য সংখ্যক ট্রান্সপন্ডার এখনো অব্যবহৃত অবস্থায় রয়েছে ফলে সুযোগ থাকা সত্ত্বেও বিএসসিএল এর যথাযথ বাণিজ্যিক প্রসার হচ্ছে না এবং একই সাথে সরকার বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রা প্রাপ্তি থেকে বঞ্চিত হচ্ছে। বিদেশী স্যাটেলাইট টেলিভিশন চ্যানেলসমূহকে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ ব্যবহারে উৎসাহ প্রদানের লক্ষ্যে বর্ণিত "ল্যান্ডিং রাইটস" গাইডলাইন এর ক্লজ ১১.০১ এ নির্ধারিত আপলিংক চার্জ পুনর্বিবেচনা করে সম্পূর্ণ মওকুফ বা ন্যূনতম/যৌক্তিক পর্যায়ে নিয়ে আসার জন্য অনুরোধ করেন।

এ পর্যায়ে দেশের বেসরকারী স্যাটেলাইট টেলিভিশন চ্যানেলসমূহের সংগঠন এসোসিয়েশন অব টেলিভিশন চ্যানেল ওনার্স (এটকো) এর উপস্থিত প্রতিনিধি জনাব ইকবাল সোবহান চৌধুরী বলেন বিদেশে বাংলাদেশী স্যাটেলাইট টেলিভিশন চ্যানেল সম্প্রচারের ক্ষেত্রে সে দেশে উচ্চ হারে ফি/চার্জ পরিশোধ করতে হয়। সে তুলনায় বাংলাদেশে, বিদেশি স্যাটেলাইট টেলিভিশন চ্যানেল সম্প্রচারের ক্ষেত্রে বর্ণিত ল্যান্ডিং রাইটস" গাইডলাইন এর নির্ধারিত ফি যৌক্তিক। তিনি আরও বলেন, বিদেশি চ্যানেলের জন্য দেশীয় কৃষ্টি-সংস্কৃতি, মূল্যবোধ হুমকির মুখে পড়ছে এবং দিন দিন আমাদের অনেকেই নিজস্ব সংস্কৃতি ভুলে বিদেশি সংস্কৃতি দ্বারা প্রভাবিত হচ্ছি। এমতাবস্থায়, তিনি বিএসএল কর্তৃক প্রস্তাবিত ফিস/চার্জ হ্রাসের বিষয়টি যৌক্তিকতার সাথে বিবেচনা করার বিষয়ে মত প্রদান করেন।

এ পর্যায়ে সভাপতি উল্লেখ করেন যে, বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর সার্ভিস লাইফ ১৫/১৬ বছর অর্থাৎ নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হলে স্যাটেলাইটটি আর ব্যবহার উপযোগী থাকবেনা। দেশের একমাত্র স্যাটেলাইট হয়েও আপলিংক চার্জ বেশি হওয়া সহ অন্যান্য কারণে বিদেশি স্যাটেলাইট টেলিভিশন চ্যানেলসমূহ অন্যান্য বিদেশি স্যাটেলাইট ব্যবহার করে সম্প্রচার করছে ফলে সক্ষমতা থাকা সত্ত্বেও বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর ক্যাপাসিটি সম্পূর্ন ভাবে ব্যবহৃত হচ্ছে না। তিনি আরও

বলেন, বঙ্গবন্ধু স্যাটেলাইট এর অব্যবহৃত ট্রান্সপন্ডার সমূহের বাণিজ্যিক ব্যবহার নিশ্চিত করতে হবে এবং আমাদের দেশের স্যাটেলাইট টেলিভিশন চ্যানেল এর যৌক্তিক ব্যবসায়িক স্বার্থ অবশ্যই বিবেচনায় রাখতে হবে। এ প্রেক্ষিতে মহাপরিচালক (এসএম) মহোদয় বলেন, বিদেশি স্যাটেলাইট টেলিভিশন চ্যানেল অপটিক্যাল ফাইবার এর মাধ্যমে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর গ্রাউন্ড ষ্টেশন সেগমেন্ট ফ্যাসিলিটিজ এবং বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ ব্যবহার করে বাংলাদেশের জন্য কন্টেন্ট আপলিংক করার ক্ষেত্রে যেন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এর নির্দেশনা অনুযায়ী কন্টেন্ট আপলিংক করা হয় সে বিষয়টিতে গুরুত্ব প্রদান করা যেতে পারে। এছাড়াও, তিনি বলেন যে সকল বিদেশি স্যাটেলাইট টেলিভিশন চ্যানেল বাংলাদেশে সম্প্রচার হচ্ছে, বর্ণীত গাইডলাইন অনুযায়ী সে সকল চ্যানেলের জন্য ল্যান্ডিং রাইটস ফি পরিশোধ করার বাধ্যবাধকতা রয়েছে। এ বিষয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানানো হলে মন্ত্রণালয়ের প্রতিনিধি বিষয়টি তাঁর দপ্তরকে অবহিত করবেন মর্মে সভাকে অবহিত করবেন। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রতিনিধি আরও বলেন দেশে বিদেশি স্যাটেলাইট টেলিভিশন চ্যানেলসমূহের যে সকল ডিস্ট্রিবিউটর রয়েছে তাদের বর্ণিত বিষয়ে অনুষ্ঠিতব্য পরবর্তী সভায় আমন্ত্রণ জানানো যেতে পারে।

বিদেশি স্যাটেলাইট টেলিভিশন চ্যানেল অপটিক্যাল ফাইবার লিংক এর মাধ্যমে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর গ্রাউন্ড ষ্টেশন সেগমেন্ট ফ্যাসিলিটিজ এবং বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ ব্যবহার করে কেবল বিদেশে সম্প্রচার করার ক্ষেত্রে ৩০,০০০,০০/- (ত্রিশ লক্ষ) টাকা এবং বাংলাদেশের বাহিরে থেকে বঙ্গবন্ধু স্যাটেলাইটে আপলিংক করার ক্ষেত্রে ৫০,০০০,০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা ফি/চার্জ পরিশোধের বিধান রয়েছে যার ফলে বিদেশী গ্রাহকগণ বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ ব্যবহার করতে নিরুৎসাহী হচ্ছে বিধায় উক্ত ফি ও চার্জ মওকুফ/কমানোর বিষয়টি বিবেচনা করা যেতে পারে মর্মে সকলে একমত পোষণ করেন।

**সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

১। বিদেশি স্যাটেলাইট টেলিভিশন চ্যানেল বিএসসিএল এর সাথে চুক্তি সম্পাদন করে তাদের প্রদেয় সকল শর্ত পূরণ করে অপটিক্যাল ফাইবার লিংক এর মাধ্যমে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর গ্রাউন্ড ষ্টেশন সেগমেন্ট ফ্যাসিলিটিজ এবং বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ ব্যবহার করে দেশে/বিদেশে সম্প্রচার করা হলে তার জন্য সংশ্লিষ্ট ফিস ও চার্জ মওকুফ/কমিয়ে যৌক্তিক পর্যায়ে নির্ধারন করার বিষয়টি বিবেচনা করা যেতে পারে।

২। বিদেশি স্যাটেলাইট টেলিভিশন কর্তৃক যদি বাংলাদেশের বাহিরে থেকে বঙ্গবন্ধু স্যাটেলাইটে আপলিংক করে দেশে/বিদেশে সম্প্রচার করা হলে তার জন্য ফিস ও চার্জ মওকুফ/কমিয়ে যৌক্তিক পর্যায়ে নির্ধারন করার বিষয়টি র্বিবেচনা করা যেতে পারে।

৩। বিদেশি স্যাটেলাইট টেলিভিশন চ্যানেল অপটিক্যাল ফাইবার এর মাধ্যমে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর গ্রাউন্ড ষ্টেশন সেগমেন্ট ফ্যাসিলিটিজ এবং বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ ব্যবহার করে বাংলাদেশের জন্য কন্টেন্ট আপলিংক করতে চাইলে সেক্ষেত্রে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এর এ বিষয় সংশ্লিষ্ট নির্দেশনা অনুযায়ী কন্টেন্ট আপলিংক করতে হবে।

৪। আগামী জানুয়ারী ২০২২ এর দ্বিতীয় সপ্তাহে পরবর্তী সভায় বর্ণিত বিষয়ে কমিটির সকলের মতামতের উপর ভিত্তি করে বর্ণিত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায়, পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

প্রকৌশলী এ. কে. এম শহীদুজ্জামান
কমিশনার (স্পেকট্রাম), বিটিআরসি।

স্মারক নম্বর: ১৪.৩২.০০০০.৫০১.৩৬.০০৫.২০.১৭৯৮

তারিখ: ১৯ পৌষ ১৪২৮
০৩ জানুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
২) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
৩) সচিব, সচিবের দপ্তর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
৪) চেয়ারম্যান, চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা এর দপ্তর, বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড
৫) মহাপরিচালক, স্পেকট্রাম বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
৬) মহাপরিচালক , বাংলাদেশ টেলিভিশন
৭) পরিচালক, রেডিও কমিউনিকেশন স্ট্যাডি এন্ড রিসার্চ , বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
৮) উপ-পরিচালক, রেডিও কমিউনিকেশন স্ট্যাডি এন্ড রিসার্চ , বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
৯) উপ-পরিচালক, সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগ , বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
১০) উপ-পরিচালক, স্পেকট্রাম ম্যানেজমেন্ট, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
১১) সিনিয়র সহকারী পরিচালক, স্পেকট্রাম ম্যানেজমেন্ট, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
১২) সিনিয়র সহকারী পরিচালক, ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশন্স বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
১৩) সভাপতি, এসোসিয়েশন অব টেলিভিশন চ্যানেল ওনার্স (এটকো), কর্ণফুলী মিডিয়া পয়েন্ট, ৪২ শহীদ সংবাদিক সেলিনা পারভিন, মালিবাগ, ঢাকা-১২১৭।
১৪) সভাপতি, ক্যাবল অপারেটরস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (কোয়াব), ২৩, পুরানা পল্টন লেন, শোভো সদন (৩য় তলা), ঢাকা-১০০০।

মোঃ আকরামুল হক
সহকারী পরিচালক